ভেদরগঞ্জ উপজেলা পরিষদ
শরীয়তপুর।

# ৫ম উপজেলা পরিষদের ৫৪ তম সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : মো: হুমায়ুন কবির<br>চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর। |
| সভার তারিখ | : ২৮ ডিসেম্বর ২০২৩ |
| সময় | : সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল :-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>সেবার ধরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>মোট নরমাল ডেলিভারি</td><td>৩৬ টি</td></tr>
<tr><td>০২</td><td>সিজারিয়ান ডেলিভারি</td><td>২০ টি</td></tr>
<tr><td>০৩</td><td>সিএইচসিপি ও স্বাস্থ্য সহকারীর মাধ্যমে নরমাল ডেলিভারি</td><td>৩৫ টি</td></tr>
<tr><td>০৪</td><td>হাসপাতালের আন্তঃবিভাগ রোগীর সেবা</td><td>১৮২৯ জন</td></tr>
<tr><td>০৫</td><td>হাসপাতালের বহিঃবিভাগ রোগীর সেবা</td><td>১২৮০৬ জন</td></tr>
<tr><td>০৬</td><td>হাসপাতালের জরুরীঃবিভাগ রোগীর সেবা</td><td>২৩২৫ জন</td></tr>
<tr><td>০৭</td><td>তারাবুনিয়া ২০ বেড হাসপাতালের রোগীর সেবা</td><td>৭৬৩ জন</td></tr>
<tr><td>০৮</td><td>৫টি উপস্বাস্থ্য কেন্দ্রে রোগীর সেবা</td><td>২০৫১ জন</td></tr>
<tr><td>০৯</td><td>৩৬টি কমিউনিটি ক্লিনিকে রোগীর সেবা</td><td>২২,২০৪ জন</td></tr>
<tr><td>১০</td><td>করোনা টিকা দেয়া হয়েছে</td><td>০০ জন</td></tr>
<tr><td>১১</td><td>মাইনর সার্জারী</td><td>২০১ টি</td></tr>
<tr><td>১২</td><td>মেজর অপারেশন</td><td>০৪ টি</td></tr>
<tr><td>১৩</td><td>হাসপাতালে প্যাথলোজী সেবা</td><td>৬২৫ জন</td></tr>
<tr><td>১৪</td><td>ডেঙ্গু রোগীর সেবা</td><td>৪৫ জন</td></tr>
</table>
হাসপাতালে প্যাথলজিক্যাল ইউজার ফি হিসেবে আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।<br>
অন্যান্য সেবা: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেদরগঞ্জ, শরীয়তপুর এ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ৩০ মার্চ ২০২৩ হতে প্রতি কর্মদিবসে বিকেল ০৩টা হতে সন্ধ্যা ০৬টা পর্যন্ত বৈকালিক চেম্বার শুরু করা হয়েছে। এই সময়ে আল্ট্রা, ইসিজি ও প্যাথলজি ল্যাবের সকল পরীক্ষা সরকার নির্ধারিত স্বল্পমূল্যে করা হয়।
</td><td>সেবার মান বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (নিচের সারণি দেখুন) | সেবার মান বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| ক্রমিক নং | পদ্ধতির নাম | পুরাতন | ড্রপ আউট | নতুন | মোট গ্রহণকারী | চলতি মাসে জন্মগ্রহণকারীর সংখ্যা | চলতি মাসে মৃত্যুবরণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | খাবার বড়ি | ১৬১৩০ | ২৬৫ | ২৭১ | ১৬১৩৬ | ৪১২ | ৭২ |
| ০২ | কনডম | ৩৩৭৯ | ৬৪ | ৭৪ | ৩৩৮৯ | | |
| ০৩ | ইনজেকটেবল | ৮৬৮১ | ১১৯ | ১৮০ | ৮৭৪২ | | |
| ০৪ | আই ইউ ডি | ১৩২৬ | ১৮ | ১৫ | ১৩২৩ | | |
| ০৫ | ইমপ্লান্ট | ২১৬৭ | ৫১ | ৩৯ | ২১৫৫ | | |
| ০৬ | স্থায়ী পদ্ধতি (পুরুষ) | ১১৩৬ | ০১ | ০১ | ১১৩৬ | | |
| ০৭ | স্থায়ী পদ্ধতি (মহিলা) | ২৫৬৪ | ০২ | ১২ | ২৫৭৪ | | |
| সর্বমোট | | ৩৫৩৮৩ | ৫২০ | ৫৯২ | ৩৫৪৫৫ | | |

প্রজনন স্বাস্থ্য সেবা:

| ক্রমিক নং | সেবার ধরণ | সেবাগ্রহিতার সংখ্যা |
|---|---|---|
| ০১ | গর্ভকালীন সেবা | ৬৪২ জন |
| ০২ | প্রসবোত্তর সেবা | ২২২ জন |
| ০৩ | নবজাতকের সেবা | ২০৭ জন |
| ০৪ | ডেলিভারী (স্বাভাবিক) | ৫৯ জন |
| ০৫ | কিশোর কিশোরী সেবা | ২৮৬৮ জন |
| ০৬ | সাধারণ রোগীর সেবা | ৫৮৩৯ জন |
| ০৭ | শিশু সেবা(০-৫) বছর | ১৮৫৭ জন |
| ০৮ | পুষ্টি সেবা | ২০০৮ |

মোট সক্ষম দম্পতিঃ ৪৭,৪২৯টি, মোট সেবাগ্রহণকারীঃ ৩৫,৪৫৫ জন, সি,এ,আর-৭৪.৭৫%।

০৩। **কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ভেদরগঞ্জ উপজেলায় রোপা আমন ধান প্রায় ৯০% কর্তন শেষ হয়েছে। কর্তিত জমির হেক্টর প্রতি গড় ফলন ২.৭৫ মেঃ টন। আবহাওয়া অনুকূলে থাকলে আগামী এক সপ্তাহের মধ্যেই সম্পূর্ণ রোপা আমন ধান কর্তন শেষ হবে।<br>রবি ২০২৩-২৪ মৌসুমের স্বাভাবিক কার্যক্রম চলছে। বর্তমানে বিভিন্ন রবি ফসল আবাদ চলছে। উপ সহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা মাঠে রয়েছেন। | ১। আমন শস্য উত্তোলনে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

HS.

CamScanner

**০৪। প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কার্যক্রম</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>গবাদি প্রাণির চিকিৎসা</td><td>১৬৬৪ টি</td></tr>
<tr><td>০২</td><td>হাঁস-মুরগীর চিকিৎস্যা</td><td>২২৮৭৬ টি</td></tr>
<tr><td>০৩</td><td>গবাদি প্রাণির টিকা প্রদান</td><td>৫০৮৪টি</td></tr>
<tr><td>০৪</td><td>হাঁস-মুরগীর টিকা প্রদান</td><td>৩৬২০০টি</td></tr>
<tr><td>০৫</td><td>উঠান বৈঠক</td><td>০৬ টি</td></tr>
<tr><td>০৬</td><td>খামার পরিদর্শন</td><td>১০ টি</td></tr>
<tr><td>০৭</td><td>পরামর্শ প্রদান</td><td>কার্যক্রম অব্যাহত রয়েছে</td></tr>
<tr><td>০৮</td><td>ডিজিজ সার্ভিলেন্স</td><td>০১ টি</td></tr>
<tr><td>০৯</td><td>পোষা প্রাণির চিকিৎসা</td><td>-</td></tr>
<tr><td>১০</td><td>কৃত্রিম প্রজনন</td><td>৫৩৫ টি</td></tr>
<tr><td>১১</td><td>গাভীর গর্ভ পরীক্ষা</td><td>৩২ টি</td></tr>
<tr><td>১২</td><td>টিকাবীজ বিক্রয় ও কৃত্রিম প্রজনন বাবদ আয়</td><td>৭২,৭২৫/- টাকা</td></tr>
</table>
</td><td>সেবার মান বৃদ্ধি করতে হবে এবং সকল ইউনিয়নে সেবা দেয়ার ব্যবস্থা করতে হবে।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td></tr>
</table>

**০৫। মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে ২০ জন মৎস্য চাষীকে পরামর্শ সেবা প্রদান ও পানির গুনাগুন পরীক্ষা করা হয়েছে।<br>০১ নভেম্বর হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত মোট ০৮ (আট) মাস ১০ ইঞ্চি বা ২৫ সেন্টিমিটার পর্যন্ত জাটকা ইলিশ আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ, পরিবহণ ও বাজারজাতকরণ নিষিদ্ধ।<br>ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় প্রকল্প চলাকালীন সময়ে জেলেদের বিকল্প কর্মসংস্থানের নিমিত্তে অবৈধ জাল বিনষ্ট করে বৈধ জাল বিতরণ। | জাটকা ইলিশ রক্ষা অভিযান সফল করতে মাইকিং, ব্যানার, ফেস্টুনসহ ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

**০৬। উপজেলা প্রকৌশল অফিস :** উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | হাট-বাজার উন্নয়ন খাতের সকল প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। বর্তমানে বিভিন্ন প্রকল্পের আওতায় ১৮ টি সড়কের নির্মান ও ২৪ টি সড়কের সংস্কার কাজ চলমান। ৪ টি ব্রীজের নির্মান ও ১টি ব্রীজের সংস্কার কাজ চলমান।৬ টি বিদ্যালয়ের নির্মান কাজ সমাপ্ত। দ্বিতলাবিশিষ্ট বঙ্গবন্ধু মডেল ভিলেজ, সখিপুর কেন্দ্রীয় জামে মসজিদ সহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সকল উন্নয়নমূলক কাজের সুষ্ঠু পরিবেশ ও গুণগত মান রক্ষার্থে স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসন সহ সবার সহযোগিতা কাম্য। | উপজেলা পরিষদের বাউন্ডারী নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী |

**০৭। প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ১। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ৩য় প্রান্তিক মুল্যায়ন চলমান রয়েছে।<br>২। শিক্ষার্থীদের ইউনিক আইডি তথ্য এন্ট্রির কাজ সম্পন্ন হয়েছে।<br>৩। অনলাইনে উপবৃত্তির চাহিদা এন্ট্রির কাজ সম্পন্ন হয়েছে। | ১। নির্মানাধীন স্কুলের কাজ দ্রুত চালু করার জন্য ঠিকাদারকে পত্র দিতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

CamScanner

**০৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভা:) সভায় জানান যে, মাধ্যমিক শিক্ষার মানোন্নয়ন এবং ২০২৪ সালের এসএসসি/সমমান পরীক্ষা সুষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে গ্রহণ করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্দেশনা অনুসারে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের ধারাবাহিক/সামষ্টিক মূল্যায়ন করা হয়েছে। গতানুগতিক প্রশ্ন ছাপিয়ে কোন পরীক্ষা গ্রহণ করা হয়নি। ইতোমধ্যে পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে পৌছিয়ে দেয়া হয়েছে। আগামী ০১ জানুয়ারি ২০২৪ তারিখে পাঠ্যপুস্তক উৎসবের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে নতুন বছরের বই বিতরণ করা হবে। ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম এর আওতায় অত্র উপজেলাধীন মাধ্যমিক স্তরের শিক্ষকগণের নতুন কারিকুলাম বিস্তরণ বিষয়ক ০৭ দিনের প্রশিক্ষণ চলছে। ৪৩৪জন শিক্ষক এই প্রশিক্ষণে অংশ গ্রহণ করেছেন।

সিদ্ধান্ত : ০১ জানুয়ারি ২০২৪ তারিখে পাঠ্যপুস্তক উৎসবের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে নতুন বছরের বই বিতরণ করতে হবে।
বাস্তবায়নে: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।

**০৯। উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনেক ভাতাভোগী লাইফ ভেরিফিকেশন করতে পারেননি। লাইফ ভেরিফিকেশন সম্পন্ন না হলে তাদের ভাতা বন্ধ হয়ে যাবে। তাই দ্রুততম সময়ের মধ্যে লাইফ ভেরিফিকেশন করে নেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে ভাতাভোগীদের অনুরোধ করা হলো।

**১০। উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের আওতায় ১০৩টি সমিতি রয়েছে। এর মধ্যে ৪৩টি সমিতি সক্রিয় রয়েছে। তার দপ্তরের ঋণ কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (নিচের সারণি) | মাসিক ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মাসিক টার্গেট | মাসিক অর্জন | মোট অর্জন |
|---|---|---|---|---|
| ০১ | মোট সমিতির | ০২ | ০০ | ১০৩ টি |
| ০২ | সদস্য | ২৬৮ | ০৭ | ৭০৯২ জন |
| ০৩ | ঋণ বিতরণ | ১১০৪.৮০ | ৫২.৮১ লক্ষ | ১১২৭৭.৬২ লক্ষ |
| ০৪ | ঋণ আদায় | ৩২৬.৭৬ | ৬২.৭৫ লক্ষ | ১০৬৮১.৯৮ লক্ষ |
| ০৫ | সঞ্চয় | ৫০.৩০ | ৩.৫৪ লক্ষ | ২৮২.৪১ লক্ষ |

**১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে টিআর, কাবিখা ও কাবিটা সাধারণ ও নির্বাচনী এলাকার ১ম পর্যায়ের প্রাপ্ত বরাদ্দ ও তার কার্যক্রমের বিবরণ নিম্নরূপ:

| ক্র:নং | মাসিক কার্যক্রমের বিবরণ | | | গত মাসের বিবরণ | | অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| | প্রকল্প ধরণ | প্রকল্প সংখ্যা | বরাদ্দের পরিমান | ছাড়কৃত | অবশিষ্ট | |
| ০১ | কাবিটা টাকা উপজেলা ওয়ারী ১ম পর্যায় | ৩৯টি | ৭৮,৩২,১৩০/- | ৬২,০০,০০০/- | ১৬,৩২,১৩০/- | ৮০% |
| ০২ | কাবিখা চাল উপজেলাওয়ারী ১ম পর্যায় | ১০টি | ৩৭.৭৮৬৪ মেঃ টন | ২৫.০০০ মেঃ টন | ১২.৭৮৬৪ মেঃ টন | ৭৫% |
| ০৩ | কাবিখা গম উপজেলাওয়ারী১ম পর্যায় | ৮টি | ৩৭. ৭৮৬৪ মেঃ টন | ২৪.০০০ মেঃ টন | ১৩.৭৮৬৪মেঃ টন | ৭০% |
| ০৪ | নির্বাচনী এলাকা শরীয়তপুর -০২ সখিপুর থানা অংশ কাবিটা টাকা ১ম পর্যায় | ১৫টি | ৬১,০০,০০০/- | ৫০,০০,০০০/- | ১১,০০,০০০/- | ৮০% |
| ০৫ | নির্বাচনী এলাকা শরীয়তপুর -০২ সখিপুর থানা অংশ কাবিখা চাল ১ম পর্যায় | ১১টি | ৫৬.০০০ মেঃ টন | ৩৪.০০০ মেঃ টন | ২২.০০০ মেঃ টন | ৭০% |
| ০৬ | নির্বাচনী এলাকা শরীয়তপুর -০৩ ভেদরগঞ্জ থানা অংশ কাবিটা টাকা ১মপর্যায় | ২৪টি | ২৮,৭৫,০০০/- | ২০,০০,০০০/- | ৮,৭৫,০০০/- | ৬৫% |
| ০৭ | নির্বাচনী এলাকা শরীয়তপুর -০৩ সখিপুর থানা অংশ কাবিখা চাল ১মপর্যায় | ৪টি | ১৬.০০০ মেঃ টন চাল | ১০.০০০ মেঃ টন | ৬.০০০ মেঃ টন | ৬৫% |
| ০৮ | নির্বাচনী এলাকা শরীয়তপুর -০৩ ভেদরগঞ্জ থানা অংশ কাবিখা গম ১ম পর্যায় | ৪টি | ১৬.০০০ মেঃ টন গম | ১০.০০০ মেঃ টন | ৬.০০০ মেঃ টন | ৬৫% |
| ০৭ | টি আর উপজেলাওয়ারী ১ম পর্যায় | ৭৩টি | ৬০,৬৭,৪০৩/- | ৫২,০০,০০০/- | ৮,৬৭,৪০৩/- | ৮০% |
| ০৮ | নির্বাচনী এলাকা শরীয়তপুর -০২ সখিপুর | ৪৪টি | ৫৪,৮৮,০০০/- | ৫৩,৮৮,০০০/- | ১,০০,০০০/- | ৯০% |

HK

CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | থানা অংশ টি ,আর ১ম পর্যায় | | | | | |
| ০৭ | নির্বাচনী এলাকা শরীয়তপুর -০৩ ভেদরগঞ্জ থানা অংশ টি ,আর ১ম পর্যায় | ৫৩টি | ২৮,৬৮,০০০/- | ২৪,০০,০০০/- | ৪,৬৮,০০০/- | ৮৫% |
| ০৯ | ব্রীজর | - | - | - | - | - |
| ১০ | এইচবিবি রাস্তা | - | - | - | - | ৩০% |
| ১১ | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির | ৩৪টি | ৯২৮ জন | - | - | ৭৫% |

সিদ্ধান্ত : প্রকল্প বাস্তবায়ন পূর্ব ও পরবর্তী ছবি সংরক্ষণ করতে হবে। বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে তদারকী করতে হবে।
বাস্তবায়নে: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।

**১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, নভেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ২০২৩-২৪ অর্থ বছরে ৩৩৮টি গভীর নলকূপের বরাদ্দের অনুকূলে ০৩টি ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। আশা করি ১৫ ডিসেম্বরের মধ্যে শেষ হয়ে যাবে। | ১। নলকূপ স্থাপন করার সময় বরিং ও পানির লেয়ার এর বিষয়টি নিশ্চিত হয়ে বিল তৈরী করতে হবে।<br>২। জনস্বাস্থ্য বিভাগ হতে মাসিক সভার কার্যপত্র পাওয়া যায়না। প্রতিমাসে কার্যপত্র প্রেরণ করতে হবে। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

**১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | চলতি মাস পর্যন্ত ১৫০জন যব ও যুব মহিলাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। চলতি অর্থ বছরে ১০১ জন যুব ও যুব মহিলাকে ২৩,৪০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার ৯৮%। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যাচাই বাছাই করে উপযুক্ত যুব ও যুব মহিলাকে ঋন প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

**১৪। উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (ক) "বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি প্রতিষ্ঠা" শীর্ষক পাইলট প্রকল্পের আওতায় গঠিত সমিতির সদস্য সংখ্যা ৩৬০ জন।<br>(খ) ২০২৩-২০২৪ অর্থ বছরে এ পর্যন্ত ৪০ জন সদস্যকে নিয়ে ০৩ দিন মেয়াদী ০১ টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের বিষয় ছিল উন্নত মৎস্যচাষ প্রযুক্তি।<br>(গ) ২০২৩-২০২৪ অর্থ বছরে এ পর্যন্ত ৬০ জন সদস্যকে নিয়ে ০১ দিন মেয়াদী ০২ টি উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মোট প্রশিক্ষণার্থী ১২০ জন।<br>(ঘ) সমিতির সদস্যদের মধ্যে মাত্র ৩% সার্ভিস চার্জের বিনিময়ে ১১০ জন সদস্যকে মাথাপিছু ১,০০,০০০ টাকা করে মোট ১,০৬,০০,০০০ টাকা ট্রেড ভিত্তিক ঋণ প্রদান করা হয়েছে।<br>(ঙ) সমিতির কমিউনিটি ভবন নির্মাণের জন্য প্রাপ্ত জমিতে ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। ঠিকাদার কর্তৃক কাজ শুরু করা হয়েছে।<br>(চ) আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৪টি সমবায় সমিতি গঠন করা হয়েছে।<br>সদস্যদেরকে ৩% সুদে ঋণ প্রদান কার্যক্রম চলমান।<br>মোট নিবন্ধিত সমিতি ১৮২টি। এদের মধ্যে মৎস্য সমিতি ২৬টি। বিতরণকৃত ঋণ আদায়ের হার ১০০%। | যথাযথভাবে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |

**১৫। উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ২০২৩-২৪ ভিডব্লিউবি চক্রের ডিসেম্বর ২০২৩ মাসের খাদ্য শস্য ছাড়করা হয়েছে। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মা ও শিশু সহায়তা ভাতার অর্থ ছাড় করা হয়েছে। নভেম্বর/২০২৩ খ্রি: মাসে মোট ৪০,৭২৫/- টাকার ঋণের কিস্তি আদায় হয়েছে। | মা ও শিশু সহায়তা ভাতার আবেদন এর চূড়ান্ত বাছাই যথাযথভাবে সম্পন্নকরতে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তন্মধ্যে আসল ৩৯,৮৬৩/- টাকা এবং সুদ ৮৬২/- টাকা।<br>কিশোর কিশোরি ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। | হবে। | |

**১৬। বন বিভাগ :** ফরেস্টার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

**১৭। পল্লী সঞ্চয় ব্যাংক :** ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (নিচের সারণি দ্রষ্টব্য) | মাসিক আদায়ের হার বৃদ্ধি করতে হবে | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মাসিক টার্গেট | মাসিক অর্জন | মোট অর্জন |
|---|---|---|---|---|
| ০১ | মোট সমিতির | - | ০০ | ৪২৪ টি |
| ০২ | সদস্য | - | ০০ | ১৬০১৯ জন |
| ০৩ | ঋণ বিতরণ | ১,৬৮,০০,০০০/- | ১,৭৫,০০,০০০/- | ২৮৩০০০০০০/- |
| ০৪ | ঋণ আদায় | ১,৫৮,০০,০০০/- | ১,৮০,০০,০০০/- | ২৮৫০০০০০০/- |
| ০৫ | সঞ্চয় | ২,৭৫,০০০/- | ১,৩৫,০০০/- | ১৯৫০০০/- |

সিদ্ধান্ত: মাসিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে দাখিল করার জন্য বলা হলো।
বাস্তবায়নে: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

**১৮। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (নিচের সারণি দ্রষ্টব্য) | মাসিক আদায়ের হার বৃদ্ধি করতে হবে | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মাসিক টার্গেট | মাসিক অর্জন | মোট অর্জন |
|---|---|---|---|---|
| ০১ | মোট সমিতির | ০১টি | - | ৫৭টি |
| ০২ | সদস্য | ৩০জন | ০২ জন | ২৪২৫ জন |
| ০৩ | ঋণ বিতরণ | ৩০.০০ | ৪৭.২৩ | ৩৩৩.০০ লক্ষ |
| ০৪ | ঋণ আদায় | ৩২.০০ | ২৬.৫৭ | ৩৬২.৫৭ লক্ষ |
| ০৫ | সঞ্চয় | ৩.০০ | ১.৪৪ | ১৪.০০ লক্ষ |
| ০৬ | সদস্য প্রশিক্ষণ | ০০ জন | ০০ জন | ১৫০ জন |

**১৯। পল্লী বিদ্যুৎ সমিতি :** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (নিচের সারণি দ্রষ্টব্য)<br>সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট অনেক টাকা বকেয়া বিদ্যুৎ বিল হিসেবে পাওনা রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। | ১। অভিযোগ সমূহকে গুরুত্ব বিবেচনায় নিয়ে সমাধান করতে হবে।<br>২। জনসাধারণ যাতে হয়রানির স্বীকার না হয় সেদিকে নজর রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ভেদরগঞ্জ |

| ক্রমিক নং | কাজের বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ০১ | অভিযোগ গ্রহণ | ১১৫টি |
| ০২ | অভিযোগ নিষ্পত্তি | ১১৫টি |
| ০৩ | বিনষ্ট ট্রান্সফরমার পরিবর্তন | ০৭টি |
| ০৪ | নতুন মিটার স্থাপন | ৮৬টি |
| ০৫ | বিলকৃত অর্থ | ১,৩১,৩৩,৩৩৭/- |
| ০৬ | বিল আদায়কৃত অর্থ | ১,৫১,০৪,৭০৪/- |
| ০৭ | আদায়ের হার | ১১৫.০১ % |
| ০৮ | বকেয়াধারী গ্রহক সংখ্যা | ১৭৮ জন |

CamScanner

**২০। পল্লী বিদ্যুৎ সমিতি :** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, সখিপুর জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>অভিযোগ গ্রহণ</td><td>৩৫৯ টি</td></tr>
<tr><td>০২</td><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>৩৫৯ টি</td></tr>
<tr><td>০৩</td><td>বিনষ্ট ট্রান্সফরমার পরিবর্তন</td><td>০৩ টি</td></tr>
<tr><td>০৪</td><td>নতুন মিটার স্থাপন</td><td>১৩৬ টি</td></tr>
<tr><td>০৫</td><td>বিলকৃত অর্থ</td><td>২,৮০,৯৭,৪৭০/-</td></tr>
<tr><td>০৬</td><td>বিল আদায়কৃত অর্থ</td><td>২,৯৭,৪৭,৪৪৪/-</td></tr>
<tr><td>০৭</td><td>আদায়ের হার</td><td>১০৫.৮৭%</td></tr>
<tr><td>০৮</td><td>বকেয়াধারী গ্রহক সংখ্যা</td><td>১৭৭৬ জন</td></tr>
</table>
সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট অনেক টাকা বকেয়া বিদ্যুৎ বিল হিসেবে পাওনা রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়।
</td><td>১। অভিযোগ সমূহকে গুরুত্ব বিবেচনায় নিয়ে সমাধান করতে হবে।<br>২। জনসাধারণ যাতে হয়রানির স্বীকার না হয় সেদিকে নজর রাখতে হবে।</td><td>ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সখিপুর</td></tr>
</table>

**২১। তথ্য আপা :** তথ্যসেবা কর্মকর্তা, মহিলা সংস্থা, ভেদরগঞ্জ জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্যকেন্দ্রের ডোর টু ডোর ও তথ্যকেন্দ্র ভিত্তিক সেবাগ্রহিতা ও সেবা প্রদানের সংখ্যা ২০০ জন। ডোর টু ডোর সেবার মাধ্যমে গ্রামীন মহিলাদের বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হয়। যেমন-বাল্য বিবাহ, নারী নির্যাতন, নারীর ক্ষমতায়ণ, উদ্যোক্তা তৈরী, তথ্য-প্রযুক্তির উন্নয়ন ইত্যাদি।<br>২০২৩-২৪ অর্থ বছরে উঠান বৈঠক করার নির্দেশনা এবং বরাদ্দ পাওয়া গেছে। টার্গেট অনুযায়ী উঠান বৈঠক করা হবে। | মাসিক সেবা কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভেদরগঞ্জ |

**বিবিধ আলোচনা :**

**০১। অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন অনুদান প্রদান সংক্রান্ত :**

উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন এর আওতায় প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা করা হয়। নিম্নে উল্লিখিত আবেদনকারীদের আবেদনগুলো বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নরূপ হারে আর্থিক অনুদান অনুমোদন করা হয়।

| ক্রমিক নং | আবেদনকারীর নাম ও ঠিকানা | যে কারণে আর্থিক অনুদান চাওয়া হয়েছে | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১. | মোঃ আলী, পিতা: আবুল খালাসি, সাং-মাঝিকান্দি কান্দি, দক্ষিন তারাবুনিয়া ইউনিয়ন। | আগুনে বসতঘর পুড়ে যাওয়ায় জন্য আর্থিক অনুদান | =৫,০০০/- |
| ০২. | আঃ মান্নান, পিতা: মৃত ওহেদ আলী মাদবর, সাং-ইকরকান্দি নারায়নপুর ইউনিয়ন। | আগুনে বসতঘর পুড়ে যাওয়ায় জন্য আর্থিক অনুদান | =৫,০০০/- |

**০২। প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা:**

**মহিলা ভাইস** চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ছয়গাঁও, চরকুমারিয়া ও রামভদ্রপুর ইউনিয়নের কয়েকটি গুরুত্বপূর্ণ কাজ জরুরী ভিত্তিতে করা দরকার। যেমন- ছয়গাঁও ০৭নং ওয়ার্ড শহিদ মোল্লার বাড়ি হতে সেলিম মোল্লার বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ, চরকুমারিয়া ০৯নং ওয়ার্ড লক্ষীনারায়ণপুর গ্রামের পাকা রাস্তা হতে মসজিদ পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন, রামভদ্রপুর রেবতী মোহন উচ্চ বিদ্যালয়ের

CamScanner

সামনের রাস্তা সিসিঢালাইকরণ একান্ত প্রয়োজন। রাস্তাগুলো নির্মাণ করা না হলে জনসাধারণের ভোগান্তি অনেক বাড়বে। সভায় বিস্তারিত আলোচনান্তে রাস্তাটি নির্মানের জন্য নিম্নরূপ প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন করা হয়।

**১। প্রকল্পের নাম: ছয়গাঁও ০৭নং ওয়ার্ড শহিদ মোল্লার বাড়ি হতে সেলিম মোল্লার বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ।**

প্রকল্প বাস্তবায়ন কমিটি : বরাদ্দ-২,০০,০০০/- টাকা। (উপজেলা উন্নয়ন তহবিল)

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | মো: লিয়াকত মল্লিক | ইউপি সদস্য, ছয়গাঁও ইউপি | সভাপতি |
| ০২ | মো: শাহিন ভূইয়া | সমাজসেবক | সদস্য |
| ০৩ | মো: মোক্তার সরদার | সমাজসেবক | সদস্য |
| ০৪ | মো: ইসমাইল পালোয়ান | সমাজসেবক | সদস্য |
| ০৫ | মো: ইউসুফ আলী | গন্যমান্য | সদস্য |
| ০৬ | মিজানুর রহমান | সিএ | সদস্য |
| ০৭ | মো: আনোয়ার হোসেন | অফিস সহকারী | সদস্য |

**২। প্রকল্পের নাম: চরকুমারিয়া ০৯নং ওয়ার্ড লক্ষীনারায়নপুর গ্রামের পাকা রাস্তা হতে মসজিদ পর্যন্ত সিসি ঢালাই দ্বারা উন্নয়ন।**

প্রকল্প বাস্তবায়ন কমিটি : বরাদ্দ-২,০০,০০০/- টাকা। (উপজেলা উন্নয়ন তহবিল)

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | মো: মাহাবুবুর রহমান | ইউপি সদস্য, চরকুমারিয়া ইউপি | সভাপতি |
| ০২ | মো: ছালাম হাওলাদার | সমাজসেবক | সদস্য |
| ০৩ | মো: মজিদ মাদবর | সমাজসেবক | সদস্য |
| ০৪ | মো: কামাল মোল্লা | সমাজসেবক | সদস্য |
| ০৫ | মো: সাহাবুদ্দিন | গন্যমান্য | সদস্য |
| ০৬ | দানু মিয়া | গন্যমান্য | সদস্য |
| ০৭ | মো: বাবুল মোল্লা | গন্যমান্য | সদস্য |

**৩। প্রকল্পের নাম: রামভদ্রপুর রেবতী মোহন উচ্চ বিদ্যালয়ের সামনের রাস্তা সিসিঢালাইকরণ।**

প্রকল্প বাস্তবায়ন কমিটি : বরাদ্দ-২,০০,০০০/- টাকা। (উপজেলা উন্নয়ন তহবিল)

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | বিপ্লব সিকদার | ইউপি চেয়ারম্যান, রামভদ্রপুর ইউপি | সভাপতি |
| ০২ | মো: রুবেল সরদার | সমাজসেবক | সদস্য |
| ০৩ | মো: মজিদ মাদবর | সমাজসেবক | সদস্য |
| ০৪ | মো: কামাল মোল্লা | সমাজসেবক | সদস্য |
| ০৫ | মো: মোস্তফা হাওলাদার | গন্যমান্য | সদস্য |
| ০৬ | আ: ছোবহান | গন্যমান্য | সদস্য |
| ০৭ | মো: শামীম সরদার | গন্যমান্য | সদস্য |

উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতসহ বাস্তবায়ন কার্যক্রম তদারকী করার জন্য অনুরোধ করা হয়। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।

০৩। **বিভিন্ন ব্যয় অনুমোদন:** বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের গ্যাস বিল (অক্টোবর হতে ডিসেম্বর/২৩) বাবদ প্রদান। | =৯,৬০০/- |
| ০২. | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের ইন্টারনেট বিল। | ১,০০০/- |

HS.

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

HKabir

মো: হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং- ০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭- ৩৭

তারিখ: ১৫ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২ ও মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, ------------------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব ------------------------------------------------------------------------------------------
১২. অফিস কপি।

15.01.2024

মো: রাজিবুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

CamScanner